# নেদারল্যান্ডসের উদ্দেশে দেশ ত্যাগ করলেন ফয়েজ আহমেদ তৈয়্যব



ফয়েজ আহমদ তৈয়্যব। ছবি: সংগৃহীত

ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের প্রধান উপদেষ্টার সহকারী ফয়েজ আহমদ তৈয়্যব বাংলাদেশ ছেড়েছেন। শনিবার (১৪ ফেব্রুয়ারি) সকাল ৯টা ৫০ মিনিটে তিনি এমিরেটস এয়ারলাইন্সের ফ্লাইট ইকে ৫৮৩-এ নেদারল্যান্ডসের উদ্দেশে ঢাকা ত্যাগ করেন।

ফয়েজ তৈয়্যব আগে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগে 'পলিসি এডভাইজার (সংস্কার ও সমন্বয়)' পদে দায়িত্ব পালন করেছেন। ২০২৫ সালের ফেব্রুয়ারি মাসে এনসিপি গঠনের কারণে নাহিদ ইসলাম এই মন্ত্রণালয়ের উপদেষ্টা পদ থেকে পদত্যাগ করার পর, ৫ মার্চ প্রতিমন্ত্রী পদমর্যাদায় তিনি প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী হিসেবে নিয়োগ পান। ২০২৪ সালের ৫ আগস্ট আওয়ামী লীগ সরকারের পতনের পর নেদারল্যান্ডসের নাগরিক ফয়েজকে দেশের প্রযুক্তি খাত পরিচালনার জন্য অন্তবর্তী সরকার দলে যুক্ত করেছিল।

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের পর থেকে ফয়েজ তৈয়্যবের ভবিষ্যৎ নিয়ে বিভিন্ন মহলে আলোচনার বিষয় হয়ে দাঁড়িয়েছিল। বিমানবন্দরে থাকা একটি গোয়েন্দা সূত্র নিশ্চিত করেছে, সকাল ৯টা ৫৫ মিনিটে তিনি দুবাইগামী ফ্লাইটে দেশ ত্যাগ করেন এবং চূড়ান্ত গন্তব্য নেদারল্যান্ডস। বাংলাদেশ ত্যাগের সময় তিনি নেদারল্যান্ডসের পাসপোর্ট NMF001DH5 ব্যবহার করেন। সূত্র জানায়, তার দেশে প্রস্থান বা বিদেশ যাত্রার ক্ষেত্রে কোনো নিষেধাজ্ঞা ছিল না।

LENS ASIA